

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ	:	০৯ এপ্রিল, ২০১৫
সময়	:	সকাল ১১-০০ টা
স্থান	:	সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি	:	ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-‘ক’-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

আলোচ্যসূচী-১ঃ ০৮ মার্চ, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃষ্টীকরণ।
গৃহীত সিদ্ধান্ত : গত ০৮ মার্চ, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২এ এর মাধ্যমে স্বাধীনতা চত্বরের নিকট দোকান ভেঙ্গে রাস্তা করার বিষয়ে মেজর (অবঃ) আব্দুস সাত্তার এর আবেদনের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত পর্যালোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ স্বাধীনতা চত্বরের পশ্চিম পার্শ্বে ডিএমসি-১৭, প্লট নং-৩০৫ (স্বাধীনতা চত্বরের পশ্চিম পার্শ্বে মসজিদ সংলগ্ন) এ যাতায়াতের জন্য পার্ক-২০ নং দোকানটি ভেঙ্গে ১৪ ফুট প্রশস্ত রাস্তা নির্মাণের নিমিত্তে পার্ক-২০ নং দোকানটি ভেঙ্গে অন্যত্র পুনর্বাসনে দোকান মালিকের অনাপত্তি সাপেক্ষে এবং বাড়ী মালিক কর্তৃক যাবতীয় খরচ বহন সাপেক্ষে দোকান ভেঙ্গে রাস্তা করার সিদ্ধান্ত গৃহীত হলো। অন্যান্য সিদ্ধান্তসমূহ সম্মানিত সদস্য ক্যাপ্টেন মীর এরশাদ আলী (জি), পিএসসি, বিএন, অধিনায়ক, বিএনএস হাজী মহসিন দৃষ্টীকরণের প্রস্তাব করেন এবং সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদ তা সমর্থন করলে বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে নিশ্চিতকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ ফেব্রুয়ারি ২০১৫ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত : ফেব্রুয়ারি, ২০১৫ মাসে গৃহকর বাবদ ২৮,১৫,৮৯৮.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১৭,৬৬,৭৯৪.০০ টাকা আদায় হয়েছে। জানুয়ারি, ২০১৫ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভূত আদায় ৭,২৩,২৮,২৭৩.০০ টাকা যা মোট দাবীর ৮৪.৪১%। এছাড়াও অন্যান্য খাতে আয়সহ ফেব্রুয়ারি, ২০১৫ মাসে বোর্ডের মোট আদায় ৭২,৩০,৮৮১.০০। এ পর্যায়ে আলোচনায় অংশ গ্রহণ করে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড রজনীগন্ধা সুপার মার্কেটের বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন :-

- রজনীগন্ধা সুপার মার্কেটের দোকানসমূহের সামনের খালি জায়গায় দোকান সম্প্রসারণ/হকার বসালে ইতোপূর্বে বোর্ডসভা কর্তৃক নির্ধারিত হারে জরিমানা আদায় করতে হবে;
- রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর দিকের বাউন্ডারী ওয়াল সংলগ্ন স্থানে স্থাপিত গরুর খামার তাৎক্ষণিকভাবে অপসারণসহ যতদিন যাবৎ উক্ত স্থান ব্যবহার করা হয়েছে ততদিনের জমির ভাড়া আদায় করতে হবে;
- রজনীগন্ধা সুপার মার্কেটের জমি পরিমাপ করে জরুরী ভিত্তিতে উত্তর দিকের সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে;
- রজনীগন্ধা সুপার মার্কেটের পল্ডি ফিড প্রস্তুতকারীদের অপসারণ/উচ্ছেদ করতে হবে। মার্কেটের বর্জ্য ব্যবস্থাপনা/অপসারণ নিয়মিত তদারকির আওতায় আনতে হবে;
- রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর-পূর্ব দিকের ট্রাক স্ট্যাণ্ডটি ০৬(ছয়) মাস মেয়াদে ইজারা প্রদান করা হয়। ইতোমধ্যে ইজারা মেয়াদ উত্তীর্ণ হয়ে গিয়েছে। মার্কেটের নিরাপত্তার বিষয়টি বিবেচনা করে উক্ত স্থানটি ট্রাক স্ট্যাণ্ড হিসেবে ইজারা প্রদান করার বিষয়ে আগামী বোর্ডসভায় সিদ্ধান্ত গৃহণ করা হবে।
- রজনীগন্ধা সুপার মার্কেট ও এর সংলগ্ন এলাকায় বিল বোর্ডের তালিকা প্রস্তুত করে তাদের নিকট হতে বোর্ডের প্রাপ্য খাজনা আদায়ের কার্যক্রম গ্রহণ করতে হবে;

আলোচ্যসূচী-৩ঃ ফেব্রুয়ারি, ২০১৫ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ফেব্রুয়ারি, ২০১৫ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ১,২০,১২,৬৪১.০৫ টাকা আয় হয়েছে। অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ৫,৯৫,৮৯,৩৪৪.০১ টাকা। ফেব্রুয়ারি, ২০১৫ মাসে সর্বমোট ব্যয় ৪,৩৩,৯২,১৪০.০০ টাকা।

আলোচ্যসূচী-৪ঃ মার্চ, ২০১৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত : মার্চ, ২০১৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ঃ মার্চ, ২০১৫ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জন্ম নিবন্ধন প্রতিবেদন।
গৃহীত সিদ্ধান্ত : মার্চ, ২০১৫ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ২১০টি জন্ম ও ১৫টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে এবং উক্ত খাতে ৪৪,৯০০/- টাকা আদায় করা হয়েছে। উক্ত সময়ে বনানী সামরিক কবরস্থানে ১২ জনের দাফন করা হয়েছে।

আলোচ্যসূচী-৬ঃ
গৃহীত সিদ্ধান্ত :

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অর্গানোগ্রাম অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ।
প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনাস্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য সময়ে পয়ুগী একটি অর্গানোগ্রাম প্রস্তাব করার জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলো :-

(ক)	মেজর মোঃ মুর্শেদুর রহমান ইসহাক স্টেশন হেলথ অফিসার ।	--	সভাপতি
(খ)	নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ।	--	সদস্য
(গ)	সিনিয়র কঞ্জারভেন্সী অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ।	--	সদস্য
(ঘ)	রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ।	--	সদস্য
(ঙ)	হিসাব রক্ষণ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ।	--	সদস্য
(চ)	সহকারী সচিব, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ।	--	সদস্য-সচিব ।

উক্ত কমিটি কর্তৃক প্রস্তাবিত অর্গানোগ্রাম আগামী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে ।

আলোচ্যসূচী-৭ঃ

ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি :-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা	ডিজিএফআই এর হ'তপত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা	মন্তব্য
(১)	বাড়ী#১৫/এ রোড#৩, ফ্ল্যাট#১/এ (২য় তলা-উত্তর-পূর্ব পার্শ্ব) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস ।	মিসেস রাবেরা খাতুন স্বামী- মৃত খোরশেদ উদ্দিন আহমেদ বাড়ী#১৫/এ, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস । তাং-০১/১/২০১৫	কর্ণেল সৈয়দ রায়হানুল হক (অবঃ) বাড়ী#১৫/এ রোড#৩, ফ্ল্যাট#১/এ (২য় তলা-উত্তর- পূর্ব পার্শ্ব) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস ।	২২ মার্চ, ২০১৫ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১ ২১.০২.১০.ফ্ল্যাট-৩৪ ৪৭ নং পত্র ।	ফ্ল্যাটের আয়তন- ১৮০০ বর্গ ফুট (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১৭,০৮৩/-টাকা জুন, ২০১৫ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই ।

গৃহীত সিদ্ধান্ত :

বিষয়টির উপর আলোচনাস্তে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তর অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো ।

আলোচ্যসূচী-৮ঃ

ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী :-

ক্র/ নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা	গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ	ডিজিএফআই এর হ'তপত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে	বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
১.	প্লট#৬০/সি, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস ।	জনাব হারুন রশীদ পিতা- মরহুম গোলাম গাউস প্লট#৬০/সি, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস ।	জনাব জলিল আহমেদ পিতা- মরহুম গোলাম গাউস প্লট#৬০/সি, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস । তাং- ১৯/৩/২০১৫	ভাই কর্তৃক সহোদর ভাইকে রেজিস্ট্রিকৃত ডিক্লারেশন অব হেবা মূলে দান	০৬/৯/২০১২ তারিখের ঢাকাবো/কাঃ বাঃএঃ/প্লট নং- ৬০/বি/৩০৪ নং পত্র ।	০৬ (ছয়) কাঠা জমিসহ ০১(এক) তপা বাড়ী । বার্ষিক গৃহকর- ৯,০০০/- টাকা জুন, ২০১৫ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই ।
২.	প্লট#৬৬/সি, রোড#৬/এ, ফ্ল্যাট#সি-৬ (৭ম তলা) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস ।	বেগম হাসিনা রহমত স্বামী- লেঃ কর্ণেল রহমত উল্লাহ চৌধুরী (অবঃ) প্লট#৬৬/সি, রোড#৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস ।	ড. রুবিদা খান মাতা- বেগম হাসিনা রহমান পিতা- লেঃ কর্ণেল রহমত উল্লাহ চৌধুরী (অবঃ) স্বামী- লেঃ বখতিয়ার আহমেদ খান (অবঃ) প্লট#৬৬/সি, রোড#৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস । তাং- ০১/৪/২০১৫	মাতা কর্তৃক ঔরসজাত কন্যাকে রেজিস্ট্রিকৃত ডিক্লারেশন অব হেবা মূলে দান	৩০/১০/২০১৪ তারিখের ঢাকাবো/কাঃ বাঃএঃ/প্লট নং- ৬৬/সি/ফ্ল্যাট নং-সি-৬(৭ম তলা)/২২৯ নং পত্র ।	ফ্ল্যাটের আয়তন- ৪৫২২ বর্গ ফুট (নিচতলায় ২টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ৩৩,৭৫০/-টাকা জুন, ২০১৫ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই ।

গৃহীত সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনাস্তে রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে দান করার দান গ্রহীতাগণের অনুকূলে ফ্ল্যাটসমূহ নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো ।

আলোচ্যসূচী-৯ঃ

গত ০৫ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৭ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে আইন উপদেষ্টার মতামতসহ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১২/বি নং প্লটে নির্মাণাধীন বাড়ীর ডেভলোপার ও ফ্ল্যাট ক্রেতাগণের মধ্যে উদ্ভূত জটিলতার বিষয়ে ফ্ল্যাট ক্রেতা ব্রিগেঃ জেনাঃ ডাঃ মোঃ আব্দুস শহীদ খান (অবঃ), সোহেলী হেলাল ও বুশরা হেলাল এর ১৭/২/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ।

গৃহীত সিদ্ধান্ত :

প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনায় জানা যায় যে, এ বিষয়ে মহামান্য হাইকোর্টে মামলা বিচারাধীন আছে । মামলা নিষ্পত্তির পর এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো ।

- আলোচ্যসূচী-১০ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪০/এ নং প্লটের বিষয়ে বিদেশে সম্পাদিত আম-মোজারনামা দলিলে প্রদত্ত তফসিলে বর্ণিত সম্পত্তির সঠিকতা যাচাই প্রসঙ্গে জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা, ট্রেজারী শাখার ২২ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের ০৫.৪১.২৬০০.০১৫.৫২.০১০.১৩-৩৪৬ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ (৭.৫৬ কাঠা) বর্গফুট বিশিষ্ট ৪০/এ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর উত্তরাধিকারী/নামান্তরসূত্রে মালিক মেজর জেনারেল (অবঃ) আ ম সা আমিন সহ মোট ১১ (এগার) জন। তন্মধ্যে অন্যান্য ওয়ারিশগণ মেজর জেনারেল (অবঃ) আ ম সা আমিন কে বিদেশ থেকে পাওয়ার অব এটর্নী প্রদান করেন। উক্ত পাওয়ার অব এটর্নী-তে জেলা প্রশাসক ঢাকার কার্যালয় কর্তৃক বিশেষ আঠালো স্ট্যাম্প সংযুক্ত করা হলে উক্ত সম্পত্তিতে সরকারী স্বার্থ জড়িত আছে কিনা তা যাচাই পূর্বক প্রতিবেদন প্রদানের জন্য ২২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে পত্র প্রেরণ করে। উল্লেখ্য যে, উক্ত প্লটের বিষয়ে গত ৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী ২২ এর 'খ' এর মাধ্যমে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, "ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪০/এ নং প্লটের মালিককে রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করার জন্য পত্র দেয়া হলেও অদ্যাবধি ক্ষতিপূরণের অর্থ পরিশোধ করা হয়নি। রাস্তার ক্ষতিপূরণের অর্থ পরিশোধ না করা পর্যন্ত উক্ত প্লটে নির্মিত বাড়ী/ফ্ল্যাট হস্তান্তর অনুমতি প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো।" বিস্তারিত আলোচনান্তে রাস্তার ক্ষতিপূরণের জন্য ধার্যকৃত অর্থ পরিশোধ করার পর বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-১১ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট নং-৭৬ (সার্ভে নং ৪০-পি) এর লিজ প্রসঙ্গে উদ্ভূত সমস্যা সমাধানের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএলকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৪ ডিসেম্বর, ২০১৪ তারিখের ৩৯১৭/২/ঢাকা/প্লট-৭৬/এমকিউ-২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৭.৫০০ বর্গফুট বিশিষ্ট ৭৬ নং প্লটটি ২৮ মে ১৯৬৮ ইং তারিখের নিলাম ডাকে সর্বোচ্চ প্রিমিয়াম ১৫,২০০/- টাকা এবং বার্ষিক রাজনা ১১২/৫০ টাকায় ইজারা প্রদান করা হয়। যা ৮ জুন ১৯৬৮ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ৫ নং গৃহীত সিদ্ধান্তে অনুমোদিত হয়। ০২ নভেম্বর ১৯৬৮ ইং তারিখে ৭৯০২ নং রেজিস্ট্রি দলিলমূলে সিএলএ রুলের সিডিউল IX-A তে ডাঃ মোহাম্মদ মজিবুর রহমান, পিতা-মৃত জনাব মোঃ তোজাম্মেল হোসেন এর নামে ৯৯ বৎসর মেয়াদে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ইজারা দলিল সম্পাদন করেন। সম্পাদিত দলিলের ১(৫) নং শর্ত মোতাবেক ১২ মাসের মধ্যে বাড়ী নির্মাণ না করিয়া ইজারা চুক্তি ভঙ্গ করেন। পরবর্তীতে ৭৬ নং প্লটটির নিয়ন্ত্রণভার গ্রহণ করে বর্তমান অরুনিমা ফিলিং স্টেশনের উত্তর পার্শ্বে ৭৫, ৭৬, ৭৭ ও ৭৮ নং প্লটের উপর সেনাবাহিনী কর্তৃক লোক খণন করা হয়েছে এবং লোকটি সেনাবাহিনীর নিয়ন্ত্রণে রয়েছে। ডাঃ মোহাম্মদ মজিবুর রহমান উল্লেখিত প্লটটি তাঁর দখলে বুঝে দেয়ার জন্য অথবা উক্ত প্লটের বাজার মূল্য অনুযায়ী অথবা সরকার/ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সমপরিমান ভূমি উক্ত প্লটের পরিবর্তে তাহাকে প্রদান করার জন্য মাননীয় সেনাবাহিনী প্রধান বরাবর ১/১১/২০১৪ তারিখে আবেদন করেন। সেনাসদর, কিউএমজি শাখা এমএলকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস ৪/১২/২০১৪ তারিখের ৩৯১৭/২/ঢাকা/প্লট-৭৬/এমকিউ-২ নং পত্রে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৬ নং প্লটের বিষয়ে উদ্ভূত সমস্যা নিষ্পত্তি করার জন্য অত্র দপ্তরে পত্র প্রেরণ করে। সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৯ জানুয়ারি, ১৯৮৮ তারিখের ৬/এমএলএলসি/এমইও/২৬৮-২/৩১ নং পত্রমূলে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৮২ ও ৮৩ নং প্লট পুনঃগ্রহণের ক্ষতিপূরণ বাবদ ২৭,৬১,৩৮১.৮০ টাকা মঞ্জুরী চেয়ে সেনাসদরকে অনুরোধ জানানো হয়। সেনাসদরের ১৯ ফেব্রুয়ারি, ১৯৮৮ তারিখের ৩৯১৭/২/ঢাকা-১০/এমকিউ-২ নং পত্রের মাধ্যমে উক্ত ৭৬ নং প্লটসহ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১.১০০১ একর জমির ইজারা বাতিলপূর্বক বিনা ক্ষতিপূরণে অধিগ্রহণ করে সেনাবাহিনী হস্তান্তর করার জন্য বলা হয়। বিস্তারিত আলোচনান্তে বিষয়টি সেনাসদর, কিউএমজি শাখা, এমএলকিউ পরিদপ্তরকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-১২ঃ গত ০৮ মার্চ, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৬ বিবিধ-১০ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৬/এ নং রোডের ৬৭/এ নং প্লটে নির্মাণাধীন ফ্ল্যাটের নির্মাণ কাজ সমাপ্তকরণসহ ফ্ল্যাট রেজিস্ট্রেশনের আবেদন প্রসঙ্গে উক্ত প্লট সংক্রান্ত সকল তথ্য-উপাত্ত এবং উক্ত প্লটের বিষয়ে ইতোপূর্বে গৃহীত কার্যক্রমের বিস্তারিত তথ্যাদির উপর আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ (৭.৫৬ কাঠা) বর্গফুট বিশিষ্ট প্লট সমেত বাড়ীটি নামান্তরসূত্রে মালিক জনাব গোলাম মোস্তফা মাসুদুল হক সহ ৬ জন। উক্ত মালিকগণ প্লটে বাড়ী নির্মাণের জন্য সারাহ প্রপার্টিজ ডেভেলপমেন্ট লিঃ কে বাড়ী নির্মাণের জন্য ডেভেলপার নিয়োগ করেন। উক্ত ডেভেলপার কোম্পানী ৬তলা বাড়ী নির্মাণ করে (১) ৪র্থ তলার পূর্ব পার্শ্বে ২৩০০ বর্গফুট বিশিষ্ট ফ্ল্যাটটি জনাব ইমন মাহমুদ (২) ৫ম তলার পশ্চিম পার্শ্বে ২৩০০ বর্গফুট বিশিষ্ট ফ্ল্যাটটি লুফুয়েছা এবং (৩) ৫ম তলার পূর্ব পার্শ্বে ২৩০০ বর্গফুট বিশিষ্ট ফ্ল্যাটটি জনাব ছারোয়ার হক এর নিকট বিক্রয় করার জন্য প্লট মালিক, ডেভেলপার এবং ক্রেতার মধ্যে ত্রিপক্ষীয় চুক্তি করে। প্লট মালিক ও ডেভেলপার ক্রেতাদের অনুকূলে ফ্ল্যাট রেজিস্ট্রি করে দিতে বিলম্ব করায় ফ্ল্যাট ক্রেতাদের লিখিত অভিযোগের প্রেক্ষিতে অত্র দপ্তরে একাধিকবার ত্রিপক্ষীয় শুনানী গ্রহণ করা হয়। উক্ত শুনানীর পরও ফ্ল্যাট রেজিস্ট্রি করার ব্যাপারে কার্যকরী পদক্ষেপ গ্রহণ না করায় বিষয়টি গত ৩ ডিসেম্বর ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৬ এর মাধ্যমে উপস্থাপন করা হলে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, "বিস্তারিত আলোচনান্তে প্লট মালিককে ফ্ল্যাট ক্রেতাদের বরাবর সংশ্লিষ্ট ফ্ল্যাটগুলো রেজিস্ট্রি করে দেয়ার জন্য চূড়ান্ত নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। অন্যথায় ক্যান্টনমেন্ট বোর্ডের প্রচলিত বিধি বিধান লঙ্ঘনের দায়ে প্লট মালিকের বিরুদ্ধে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হোক। একই সাথে বিনা অনুমতিতে প্লট মালিককে সাত তলা ভবন নির্মাণ না করার জন্যও নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।" উক্ত বোর্ড সিদ্ধান্তের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ২৪ ডিসেম্বর ২০১৩ তারিখে ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লটনং-৬৭/এ/২৪৯ নং পত্র প্রদান করা হয়। অতঃপর প্লট মালিক গোলাম মোস্তফা মাসুদুল হক গং এর পক্ষে ১৯ জানুয়ারি ২০১৪ তারিখে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা-কে এ মর্মে লিগ্যাল নোটিশ প্রদান করা হয় যে, প্লট মালিকদের বিরুদ্ধে অন্যায়ভাবে কোন প্রকার ব্যবস্থা করা হইতে বিরত থাকার জন্য অনুরোধ করা হয় এবং অসমাপ্ত কাজ সময়মত শেষ না করার এবং রেজিস্ট্রেশন প্রক্রিয়া সময়মত শুরু না করায় সারাহ প্রপার্টিজ ডেভেলপারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। অদ্যকার সভায় প্লট মালিক, ডেভেলপার ও ফ্ল্যাট ক্রেতাগণকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হলেও প্লট মালিক ব্যতীত অন্যান্য উপস্থিত হয়ে তাদের বক্তব্য পেশ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ১৫ (পনের) দিনের মধ্যে ডেভেলপার কর্তৃক রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু করা না হলে বিধি মোতাবেক পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্র/নং	প্লট মালিকের নাম	প্লট নম্বর	ঠিকানা	এমইও'র ছাড়পত্রের তারিখ	মন্তব্য
১।	মেজর (অবঃ) মুকুল কুমার দে	১৯৬	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৬ তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন)
২।	কমান্ডার মোঃ আবু ইউসুফ	৩২৪	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৭ তলা ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ
৩।	(ক) এয়ার কমান্ডার (অবঃ) এম শাহজাহান সরকার (খ) বেগম কামরুন্নাহার গং স্বামী-মৃত লেঃ কর্ণেল আসাদ উল্লাহ মুহাম্মদ সালমান	৬১৭ ৬১৯	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৬ তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন)
৪।	(ক) মিসেস শিরিন আক্তার (মুজা) স্বামী- শহীদ মেজর মোঃ খালিদ হোসেন (খ) অরিহা হোসেন সেমজী পিতা- শহীদ মেজর মোঃ খালিদ হোসেন	৮৩৪	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭ তলা ভবন (খালি প্লট)
৫।	(ক) মুন্নী চৌধুরী স্বামী- শহীদ কর্ণেল নাফিজ উদ্দিন আহমেদ, পিএসসি (খ) ইয়াছির আহমেদ উসামা পিতা- শহীদ কর্ণেল নাফিজ উদ্দিন আহমেদ, পিএসসি	৮৪৫	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭ তলা ভবন
৬।	ব্রিগেঃ জেনাঃ এসএমএম এ হাফিজ	৮৭৫	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন)
৭।	(ক) কর্ণেল এসএম মামনুর রহমান (খ) উইং কমান্ডার এস জে এ এইচ জেড নাইম চৌধুরী	৯৩২ ৯৩৪	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৭ তলা ভবনে (আভ্যন্তরীণ পরিবর্তন)
৮।	কর্ণেল মোহাম্মদ নুরুল হুদা	৯৭৬	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭ তলা ভবন
৯।	কমান্ডার মোঃ জাহিদ হোসেন, বিএন (অবঃ)	১১৫৮	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭ তলা ভবন
১০।	গ্রুপ ক্যাপ্টেন এম মফিজুর রহমান (অবঃ)	১১৬৪	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭ তলা ভবন
১১।	(ক) জুবাইদা বেগম স্বামী- শহীদ কর্ণেল মোহাম্মদ মসীউর রহমান, পিএসসি (খ) জুবায়ের আল মুসা (গ) আসেকুর রহমান পিতা- শহীদ কর্ণেল মোহাম্মদ মসীউর রহমান, পিএসসি	১১৮৭	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭ তলা ভবন
১২।	ব্রিগেঃ জেনাঃ তামিম আহমেদ চৌধুরী এনডিসি, পিএসসি	১১৯২	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীণ পরিবর্তন)
১৩।	সুলতান আহমেদ হাওলাদার অবসর প্রাপ্ত উপ-অর্থ নিয়ন্ত্রক	১২৯১	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭ তলা ভবন
১৪।	কর্ণেল মোঃ আনিছুর রহমান চৌধুরী, পিএসসি (অবঃ)	১৩৪২	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন)
১৫।	জনাব রাজু মোঃ রব	২৯৭	বারিধারা ডিওএইচএস		সংশোধিত ০৭ দলা ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ
১৬।	কমান্ডার এম মোসলেহ উদ্দিন (অবঃ)	৪৯৩/২	বারিধারা ডিওএইচএস		সংশোধিত ০৭ দলা ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ
১৭।	মিসেস নিলুফার মোহাইমিন স্বামী- মেজর জেনাঃ এম এ মোহাইমিন (অবঃ)	২৩৭	মহাখালী ডিওএইচএস		সংশোধিত ০৭ তলা ভবন (দোতলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ)
১৮।	লেঃ কর্ণেল রাজিউদ্দিন খান, পিএসসি (অবঃ)	৩৪৭	মহাখালী ডিওএইচএস		সংশোধিত ০৭ দলা ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ
১৯।	মোঃ সাইফুল ইসলাম	সিবি- ২১১/১৩	কচুক্ষেত		নতুন ০৭ তলা ভবন
২০।	মোঃ শাহদাৎ হোসেন (বার) গং	সিবি- ১৬৭/১	কচুক্ষেত		নতুন ০৭ তলা ভবন

গৃহীত সিদ্ধান্ত :

নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনাস্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো :-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩ ও ১৪ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১৩টি প্লট এবং ক্রমিক নং-১৭ এ বর্ণিত মহাখালী ডিওএইচএস এর ০১টি প্লট, ক্রমিক নং-১৯ ও ২০ এ বর্ণিত কচুক্ষেত এলাকার ২টি প্লটসহ মোট ১৬টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণ/আভ্যন্তরীণ পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

(খ) অবশিষ্ট ৪টি প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

আলোচ্যসূচী-১৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসঙ্গে :-

ক্রমিক নং	কাজের নাম	মূল্যানুমান এমআইএসটি কর্তৃক ২০১২ সনদ্বারা (টাকা)	ব্যয়ের খাত
১।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫২/এ-১৪ নং স্টাফ কোয়ার্টার মেরামত ও রংচুনা করণ কাজ।	৪৩,৭৮৯/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
২।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫২/এ নং স্টাফ কোয়ার্টার উত্তর-পূর্ব কর্ণার মেরামত ও রংচুনা করণ কাজ।	৫১,১৬৮/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
৩।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ (ভবন-১) নং স্টাফ কোয়ার্টার এর ৪র্থ তলার দক্ষিণ পার্শ্বের ৭ নং ফ্ল্যাটের মেরামত ও রংচুনা করণ কাজ।	৯৩,৩৭৫/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
৪।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/সি নং স্টাফ কোয়ার্টার এর ২য় তলা পশ্চিম পার্শ্ব, ৯৭ এর ২য় ও ৪র্থ তলা (উত্তর পার্শ্ব) মেরামত ও সংস্কার কাজ।	৫৭,৫৩০/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
৫।	শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের ল্যাবে টাইলস স্থাপন এবং ৫টি কম্পিউটার, ১টি লেজার প্রিন্টার ও ৫টি কম্পিউটার টেবিল ক্রয়।	৫,০২,৮৬০/-	অনুদান
৬।	বারিধারা ডিওএইচএস (বিএসআই) স্কুলের পূর্ব পার্শ্বের ফুটপাথ হতে স্কুল গেট পর্যন্ত ব্রিক সলিংকরণ কাজ।	১,৯৩,৩৭৩/-	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল/বোর্ডের স্থানীয় আয়
৭।	বারিধারা ডিওএইচএস এলাকার সিকিউরিটি গার্ড ব্যারাকের উত্তর পার্শ্ব কংক্রিট ও ওয়াল নির্মাণ কাজ।	৩,৭৩,৭২৮/-	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল/বোর্ডের স্থানীয় আয়
৮।	বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-০২ (পূর্ব), বাড়ি নং-২১৭ এর সামনে ভেঙ্গে যাওয়া পাইপ পরিবর্তন করে পুনঃস্থাপন ও খননকৃত রাস্তা কাপেটিংসহ মেরামত এবং ম্যানহোল মেরামত কাজ।	৩৯,৩১৪/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ
৯।	বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-১০(পশ্চিম), বাড়ি নং-৫১৭/২ ও ৫১৬/২ এর সামনে ভেঙ্গে যাওয়া পাইপ পরিবর্তন করে পুনঃস্থাপন ও খননকৃত রাস্তা কাপেটিংসহ মেরামত এবং ম্যানহোল মেরামত কাজ।	৫৫,৮১২/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ
১০।	ঢাকা সেনানিবাসের ক্যান্টন বাজার এলাকার ৮ নং রোড সংলগ্ন তিনকোনা শিশুপার্ক উন্নয়ন কাজ।	৭,০৪,৩৭৭/-	জনসাধারণের উন্নয়নমূলক খাত
১১।	ক্যান্টন বাজার এলাকার ৮ নং রোডের ৫২/এ নং স্টাফ কোয়ার্টারের সামনে কাঁচা রাস্তা পাকা করণ কাজ।	৪,১৬,৭২৫/-	ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিবিধ তহবিল
১২।	ঢাকা সেনানিবাসে ১৩ এমপি নিয়ন্ত্রণাধীন এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য (এনামেল পেইন্ট, রশি, জিআই তার, খিনার, রোড মার্কিং পেইন্ট ইত্যাদি) মালামাল ক্রয়করণ কাজ।	৭৭,০০০/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ
১৩।	রজনীগন্ধা সুপার মার্কেটের মাছ এবং সবজি বাজারের সংস্কার ও মেরামত কাজ।	১,৯৩,৬৩৮/-	বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
১৪।	মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপে রোড নং-১৬/এ, ১৭/এ, ১৮/এ, ২৪, ২৫, ২৬, ২৭, ২৭/এ, ২৭/বি, ২৮/এ, ২৯/এ, ৩০/এ, ৩০/এ(০২টি), ৩১/এ, ৩২/এ, ৩৩, ৩৪, ৩৭, ৪১, ৪২, ৪৩, ৪৫ (উত্তরাংশ), ৪৬/এ, ৪৭/এ, ৪৮, ৪৯, ৫০, ৩০ প্রসস্ত রাস্তা (০৩টি), ৪০ প্রসস্ত রাস্তা (০১টি), ৬০ প্রসস্ত রাস্তা (০২টি) তার টেনে নিরাপত্তা বাতি স্থাপন কাজ।	৪১,১৩,২৯৪/-	সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল
১৫।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোডের ৪ নং পানির পাম্পের পানির লেয়ার নিচে নেমে যাওয়ায় ১৫০ মিমি ডায়া কলাম পাইপ সংযুক্তকরণ এবং মেরিন ক্যাবল বর্ধিতকরণ কাজ।	২,৩৪,২৩০/-	সংস্কার ও মেরামত খাত (পানি সরবরাহ)
১৬।	শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের শ্রেণী কক্ষের জন্য ১০০টি ডেস্ক টেবিল এবং ১০০টি চেয়ার তৈরী/সরবরাহকরণ।	৫,৭৪,৬৮৪/-	অনুদান

গৃহীত সিদ্ধান্ত : উপরোল্লিখিত মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। ক্রমিক নং- ১, ২, ৩, ৪, ৮, ৯, ১০, ১২, ১৩ ও ১৫ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫৪ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসঙ্গে ৪-

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্য/অনুমান এনইএন সিটিউন কর ফেস্টন ২০১২ সোভালেক (টাকা)	Responsive Tenderer	উদ্ধৃত দর (টাকা)	ব্যয়ের খাত
১।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬৪/ই এবং ৬৪/১-সি (উত্তর পার্শ্ব) মেরামত ও সংস্কার কাজ।	৫৩,৩৪৬/২৮	মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ	৫৫,৯৪৯/৫৭	মেরামত ও রক্ষণাবেক্ষণ
২।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং ২৬/ডি-৬ মেরামত ও সংস্কার কাজ।	৫১,১৭৯/-	মেসার্স সাকিব এন্টারপ্রাইজ	৫৩,৬৩৫/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ
৩।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং ৫২/এ (৫ম তলা দক্ষিণ) ফ্ল্যাট নং-১৭ মেরামত ও সংস্কার কাজ।	৮২,৮৮৫/-	মেসার্স তাহের এন্টারপ্রাইজ	৮৬,৫৭৩/৩৮	মেরামত ও রক্ষণাবেক্ষণ
৪।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯১ নং স্টাফ কোয়ার্টারের ২য় তলা মেরামত ও সংস্কার কাজ।	৬৯,৬১৩/-	মেসার্স সিফাত এন্টারপ্রাইজ	৭২,৭৪৫/৫৮	মেরামত ও রক্ষণাবেক্ষণ
৫।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং ২৫/ডি-১ মেরামত ও সংস্কার কাজ।	৫২,১২৪/-	মেসার্স জুই এন্টারপ্রাইজ	৫৪,৪৬৯/৫৮	মেরামত ও রক্ষণাবেক্ষণ
৬।	রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন ৪র্থ শ্রেণীর স্টাফ কোয়ার্টারের পুরাতন পানির লাইন পরিবর্তন করে জিআই পাইপ দ্বারা নতুন পানির লাইন স্থাপন এবং ০৪ নং পানির পাম্পের সুইচ বাহু স্থাপন কাজ।	৫৭,৩১৩/-	মেসার্স আজিজ কর্পোরেশন	৫৯,০৩২/৩৯	মেরামত ও রক্ষণাবেক্ষণ
৭।	ঢাকা সেনানিবাসস্থ বিমান বাহিনী সদর দপ্তর এর দক্ষিণ দিকের প্রধান সড়কে স্থাপনের জন্য ০১টি স্পিডব্রেকার বোর্ড সরবরাহ ও স্থাপন।	৫,৫০,০০০/-	মেসার্স হাসনাত এন্টারপ্রাইজ	৫,৫০,০০০/-	বোর্ডের স্থানীয় আয়
৮।	ঢাকা সেনানিবাসের শহীদ জাহাঙ্গীর গেইট সংলগ্ন রাস্তার পূর্ব পার্শ্ব বিউটি স্পট নির্মাণসহ ল্যান্ড স্কাপিং কাজ।	১২,৯৬,৬৮২/-	মেসার্স তাহের এন্টারপ্রাইজ	১৩,৫৫,০৩২/৬৯	বোর্ডের স্থানীয় আয়
৯।	বীর উত্তম লেঃ শহীদ আনোয়ার গার্লস কলেজের দক্ষিণ পার্শ্ব স্বাধীনতা সরণিতে বিপদজনক পারাপার বন্ধের জন্য ডিভাইডার রেইলিং সরবরাহ ও স্থাপন।	১৪,৯৫,৫৯৩/-	মেসার্স সাকিব এন্টারপ্রাইজ	১৪,৯৫,৫৯৩/-	বোর্ডের স্থানীয় আয়
১০।	আইজিএসএক্সসি এর পশ্চিম পার্শ্ব বিপদজনক পারাপার বন্ধের জন্য ফুটপাথের পার্শ্ব ডিভাইডার রেইলিং স্থাপন কাজ।	৩,১৭,২৭৮/-	মেসার্স সরকার কনস্ট্রাকশন	৩,১৭,২৭৮/-	বোর্ডের স্থানীয় আয়
১১।	শহীদ বাশার রোডের টি জংশনের দুই পার্শ্ব রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টারের প্রবেশ রাস্তায় বিপদজনক পারাপার বন্ধের জন্য ডিভাইডার রেইলিং নির্মাণ কাজ।	৪,২৬,৮৯৮/-	মেসার্স সরকার কনস্ট্রাকশন	৪,২৬,৮৯৮/-	বোর্ডের স্থানীয় আয়
১২।	ঢাকা সেনানিবাসের অভ্যন্তরে মিরপুর-১৪ এ অবস্থিত নৌ বাহিনীর নাবিক কলোনির শিশুপার্কে যুগোপযোগী খেলাধুলা সামগ্রী সংযোজন এবং সৌন্দর্য বৃদ্ধিকরণ।	৫,০০,০০০/-	মেসার্স সাকিব এন্টারপ্রাইজ	৫,২৩,২৫০/-	বোর্ডের স্থানীয় আয়
১৩।	সেনাপল্লী হাই স্কুলের বাউন্ডারী ওয়ালের উপর কাটা তার স্থাপন, গেইট নির্মাণ ও সেপটিক ট্যাংক নির্মাণ কাজ।	৭,৮৭,৫৪০/-	মেসার্স পাওনিয়ার এন্টারপ্রাইজ	৮,২৫,৩৪১/৯২	বোর্ডের স্থানীয় আয়
১৪।	বার্ষিক ত্রীড়া প্রতিযোগিতা ২০১৫ উপলক্ষে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল ভবনের বাহির সাইড চুনকামকরণ।	২,৯৯,৩৮৬/-	মেসার্স শাহিদুল ইসলাম এন্ড কোং	২,৯৯,৩৮৬/-	বোর্ডের স্থানীয় আয়
১৫।	বার্ষিক ত্রীড়া প্রতিযোগিতা ২০১৫ উপলক্ষে আদর্শ বিদ্যালয়কেন্দ্র, মানিকদী স্কুল ভবনের বাহির সাইড এবং বাউন্ডারী ওয়াল চুনকামকরণ।	২,৯৯,৬৯০/-	মেসার্স শাহিদুল ইসলাম এন্ড কোং	২,৯৯,৬৯০/-	বোর্ডের স্থানীয় আয়
১৬।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৮ নং রোডে ০২ নং পানির পাম্প নষ্ট হয়ে যাওয়ায় তা উল্লেখ্যন এবং নতুন একটি পাম্প সেট (মটরসহ) স্থাপন কাজ।	৭,৭২,৭৬৩/-	বিদ্যালয় বোরিং এন্ড ইঞ্জিঃ ওয়ার্কসপ	৭,৭২,২৬৩/-	বোর্ডের স্থানীয় আয়
১৭।	রজনীগন্ধা সুপার মার্কেট বিদ্যুৎ উপকেন্দ্রের ওভারহেড লাইনের ১১ কেভি লাইটিং এরিস্টর, গ্যাস আইসোলেশন এবং ড্রপআউট ফিউজ পরিবর্তন কাজ।	১,২১,২১৯/-	মেসার্স সিফাত এন্টারপ্রাইজ	১,২৩,৬৪৩/৩৮	মেরামত ও রক্ষণাবেক্ষণ
১৮।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৫ নং রোডের কার্পেটিং করণ কাজ।	১৩,৯১,৬৭৭/-	এমএনএস ট্রেডার্স	১৪,৫৯,০৫৪/১৭	ক্যান্ট বাজার এলাকার বিবিধ তহবিল
১৯।	মিরপুর সেনানিবাসে অবস্থিত ময়লা ফেলার রাস্তা মেরামত ও উন্নীকরণ কাজ।	১০,০০,১০৮/-	মেসার্স মনির এন্ড কোং	১০,৪৫,১১২/৮৬	বোর্ডের স্থানীয় আয়
২০।	সিএমএইচ গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার পশ্চিম পার্শ্ব রিক্সা লেনের গাইড ওয়ালে ফেসিং ব্রিক সরবরাহ ও স্থাপন কাজ।	৯,৫৪,০৮৮/-	মেসার্স মনির এন্ড কোং	৯,৯৪,৬৩৬/৭৪	অনুদান/বোর্ডের স্থানীয় আয়
২১।	অফিসার্স ক্লাবের প্রবেশ রাস্তা হতে সিএমএইচ ইন গেইট পর্যন্ত রাস্তার পশ্চিম পার্শ্ব রিক্সা লেনের গাইড ওয়ালে ফেসিং ব্রিক সরবরাহ ও স্থাপন কাজ।	৮,৫২,৩২৯/-	মেসার্স নয়ন এন্টারপ্রাইজ	৮,৯০,৬৮৩/৮০	অনুদান/বোর্ডের স্থানীয় আয়
২২।	ঢাকা সেনানিবাসের শহীদ সরণি, ফ্লাইওভার হতে উত্তর দিকে অফিসার্স মেস 'সি' ইন গেইট পর্যন্ত (৪৬০-০০) রাস্তার মধ্যবর্তী স্থানে ডিভাইডারের উপর জিআই/ এসএস পাইপে রেইলিং স্থাপন কাজ।	২,৮৯,৬৪০/-	মেসার্স সাকিব এন্টারপ্রাইজ	৩,০৩,৫৪১/-	অনুদান/বোর্ডের স্থানীয় আয়
২৩।	শহীদ সরণির আর্মি এমপি ইউনিটের অপর পার্শ্ব স্টাফ রোড এবং শহীদ বেলায়েত রোডের মধ্যবর্তী স্থানে সৌন্দর্য বর্ধনের জন্য মাটি ভরটিকরণ ও ঘাস লাগানো।	১,৪৩,৬৩৭/-	মেসার্স সাকিব এন্টারপ্রাইজ	১,৫০,৫৩১/-	অনুদান/বোর্ডের স্থানীয় আয়
২৪।	ঢাকা সেনানিবাসের ক্যান্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি এর সামনে শিশু পার্কের মাঠে ফুটপাথের পেভমেন্ট টাইলস সরবরাহ ও স্থাপন কাজ।	১,৬৭,২৫৫/-	এ কে কনস্ট্রাকশন	১,৭৪,৭৮১/৪৭	জনসাধারণের উন্নয়নমূলক খাত

২৫।	হাজী মহসিন বাসস্ট্যান্ড হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত পূর্ব পার্শ্বের রিক্সা লেনে গাইড ওয়াল নির্মাণ ও গাইড ওয়ালে ফেনিং ব্রিক সরবরাহ ও স্থাপন।	২২,৬৬,৩২০/-	মিলেনিয়াম ট্রেডিং	২৩,৬৮,৩০৪/৪০	অনুদান/বোর্ডের স্থানীয় আয়
২৬।	ব্রতগুয়ে বিস্তৃত হতে অফিসার্স ক্লাবের প্রবেশ রাস্তা পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিক্সা লেনের গাইড ওয়ালে ফেনিং ব্রিক সরবরাহ ও স্থাপনকরণ।	৭,৭৩,১২৫/-	ফোরওয়েজ ইঞ্জিনিয়ার্স	৮,০৭,৯১৫/৬২	বোর্ডের স্থানীয় আয়
২৭।	শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ৩১ নং কক্ষের ভিতরে পানির লাইন নষ্ট হওয়ায় মেরামত কাজ।	৩০,৯১২/-	মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স	৩২,১৪৮/৪৮	সংশ্লিষ্ট বিদ্যালয় তহবিল
২৮।	মিলিটারী পুলিশ সত্তাহ পালন উপলক্ষে আর্মি এমপি ও ১৩ এমপি ইউনিটের বিভিন্ন মালামাল সরবরাহ কাজ।	-	মেসার্স আমিন ব্রাদার্স	১,৯৮,০২৩/-	জনসাধারণের উন্নয়নমূলক খাত

গৃহীত সিদ্ধান্ত : Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনাতে উপরোল্লিখিত কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ১৭, ২৪ ও ২৮ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির ব্যয়ের অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পুরাতন ভবনের বহিরাংশের সৌন্দর্যবর্ধনসহ সংস্কার ও মেরামত করণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের দ্বিতল ভবনটি অনেক দিনের পুরানো। উক্ত ভবনটি সেনানিবাসের প্রধান সড়ক সংলগ্ন। উক্ত সড়ক দিয়ে দেশী বিদেশী ভিডিআইপিগণ চলাচল করে থাকেন বিধায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ভবনটি দৃষ্টি নন্দন/আধুনিকায়ন করা প্রয়োজন। বিস্তারিত আলোচনাতে ডিজাইন ও মূল্যানুমান প্রস্তুতপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ঃ সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের অফিস ভবনের জন্য ২টি টয়লেট এবং ০১টি রেকর্ড রুম নির্মাণের বিষয়ে এমইও, কেন্দ্রীয় সার্কেল এর ০৮ মার্চ, ২০১৫ তারিখের বিডি/এডিএম/৭৫/২০১১/৬৩ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। একই সাথে পুরাতন ভবনের সকল স্থাপনা পরিমাপ করে ভাড়া আরোপের প্রস্তাব প্রেরণ করা হোক।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনাতে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের অফিস ভবনের জন্য ২টি টয়লেট এবং ০১টি রেকর্ড রুম নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হলো। মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনসহ প্রয়োজনীয় অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৮ঃ সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের সীমানা দেয়াল উঁচু করার ব্যবস্থা গ্রহণ/কাঁটা তারের বেড়া স্থাপন এবং বাহিরের জানালাগুলোতে নেট সংযোগ দেয়া প্রসঙ্গে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরে গত ০৮/৩/২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টি পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৯ঃ শহীদ পরিবারের জন্য প্লট নং-১২২২ - ১২২৯ এ নির্মাণাধীন বহুতল আবাসিক ভবন (অপরাজিতা) সংলগ্ন যাতায়াত রাস্তায় কার্পেটিং কাজ সম্পন্ন করণের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৯ মার্চ, ২০১৫ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.৬৬.২৯.০৩.১৫ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনাতে উর্ধ্বতন কর্তৃপক্ষের সরেজমিন পরিদর্শন ও নির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট রাস্তার বিস্তারিত মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, শহীদ পরিবারের জন্য নির্মিত উক্ত বহুতল আবাসিক ভবন (অপরাজিতা) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হবে বিধায় কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য উক্ত কাজের যাবতীয় ব্যয় অনুদান হিসেবে বরাদ্দ করার জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২০ঃ মহাখালী ডিওএইচএস এর ৪৬৯ নং প্লটে বাড়ী নির্মাণ কাজে নিয়োজিত ডেভলোপার কর্তৃক যথাযথভাবে নির্মাণ কাজ সম্পন্ন করাসহ বাড়ী হস্তান্তর না করায় এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মহাখালী ডিওএইচএস পরিষদ এর ০৯ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের ডিওএইচএস-মহা/১০৮/১৫ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : মহাখালী ডিওএইচএস এর ৪৬৯ নং প্লটের মালিক ও উক্ত প্লটে বাড়ী নির্মাণ কাজে নিয়োজিত ডেভলোপারের শুনানী গ্রহণ করে ক্ষতিপূরণের অর্থ ডেভলোপার কর্তৃক জমাকৃত নিরাপত্তা জামানতের অর্থ হতে সংকুলানের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের সিদ্ধান্ত/নির্দেশনা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ঃ মহাখালী ডিওএইচএস এর ৪৪৩ নং প্লটে নির্মিত বাড়ী সংলগ্ন ৪৪৪ নং প্লটে বাড়ী নির্মাণ কাজে নিয়োজিত ডেভলোপার কর্তৃক বাড়ী নির্মাণ করার সময় ৪৪৩ নং প্লটের স্যুরেজ লাইন ও পিট ভয়াবহভাবে ক্ষতিগ্রস্ত জনিত কারণে বিষয়টি সুরাহা করার জন্য মহাখালী ডিওএইচএস পরিষদ এর ০২ মার্চ, ২০১৫ তারিখের ডিওএইচএস-মহা/১০৮/১৫ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনাতে এ বিষয়ে সরেজমিনে তদন্ত করে একটি প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো:-

(ক)	নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	--	সভাপতি
(খ)	প্রতিনিধি, মহাখালী ডিওএইচএস পরিষদ।	--	সদস্য
(গ)	রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	--	সদস্য

আলোচ্যসূচী-২২ঃ বীর শ্রেষ্ঠ মোস্তফা কামাল লাইন এলাকায় ফিসিং পয়েন্ট, এম্পিথিয়েটার এবং শিশু পার্কে বেঞ্চ স্থাপন প্রসংগে ৫৭ ইঞ্জিনিয়ার কোম্পানী, ঢাকা সেনানিবাসের ২৪ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের ২৩.০১.৯০১.২২৩.০৪.০৮৭.০১.২৪.০২.১৫ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে পূর্বে প্রদত্ত কার্যাদেশ অনুযায়ী সমুদয় অর্থ সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। অতিরিক্ত কাজের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএডকিউ পরিদপ্তরকে অবহিত করে পরবর্তী নির্দেশনা প্রদানের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৩ঃ নাখালপাড়াস্থ বায়তুল আতিক জামে মসজিদ এর নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, নাখালপাড়াস্থ বায়তুল আতিক জামে মসজিদটি ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন 'সি' শ্রেণীর জমিতে বিদ্যমান। উক্ত মসজিদ পরিচালনার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক একটি অনুমোদিত কমিটি আছে। বিস্তারিত আলোচনান্তে বিদ্যমান কমিটির মাধ্যমে মসজিদ পরিচালনা, মসজিদের আয়-ব্যয়ের পূর্ণাঙ্গ হিসাব হিসাব পর্যালোচনা করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে নির্দেশনা প্রদান করা হলো। নকশা অনুমোদনের আবেদন সংশ্লিষ্ট ব্যবস্থাপনা কমিটির সুপারিশসহ উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার আইন খরচ বাবদ মোট ১,১৭,৫০০/- টাকার ৪টি বিল পরিশোধের জন্য গত ২৫ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা বেগম রেজিনা মাহমুদ নিম্নোক্ত মামলাসমূহের এডভোকেট অন রেকর্ড, উপস্থিতি বাবদ, সই মহরী নকল উত্তোলন, পেপার বুক প্রস্তুত, কোর্ট ফি দাখিল এবং বিবিধ কাজের বিল দাখিল করেছেন :-

ক্র/নং	মামলা নং	আদালতের নাম	বিবরণ	বিলের পরিমাণ
১।	১২০৬/২০১১	মাননীয় সূপ্রীম কোর্টের আপিল বিভাগ	মহাখালী ডিওএইচএস এলাকার ৩৮ নং বাড়ীর সংক্রান্ত বিষয়	৪১,০০০/-
২।	১৪৮/২০১৪	মাননীয় সূপ্রীম কোর্টের আপিল বিভাগ রিভিউ পিটিশন	মহাখালী ডিওএইচএস এলাকার ৩৮ নং বাড়ীর সংক্রান্ত বিষয়	৫১,০০০/-
৩।	৫১১২/২০০৬	মাননীয় হাই কোর্টের রীট পিটিশন	ওয়ান্ডারল্যান্ড হাউজিং লিঃ, বারিধারা ডিওএইচএস এলাকার ৪০৮/৫ নং বাড়ী সংক্রান্ত, বাড়ীর মালিক মেঃ জেনাঃ চৌধুরী হাসান সরোয়ারী	৩,০০০/-
৪।	৯৯০৭/২০১১	মাননীয় হাই কোর্টের রীট পিটিশন	ক্যান্টঃ বাজার এলাকার ৮১ নং প্লট সংক্রান্ত বিষয়ে	২২৫০০/-
			মোট=	১,১৭,৫০০/-

বিস্তারিত আলোচনান্তে উক্ত ০৪ (চার) টি মামলার খরচ বাবদ মোট ১,১৭,৫০০/- (এক লক্ষ সতের হাজার পাঁচশত) টাকার বিল পরিশোধের সিদ্ধান্ত হলো। উক্ত বিলের যাবতীয় খরচ ঠ-৪-জ আইন-আদালত খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-২৫ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ১৬টি মুরগী জবাইখানা পুনঃবরাদ্দ এবং বকেয়া ভাড়া আদায়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে ৭-৯' x ৩-৯' = ২৯ বর্গফুট সাইজের ১৬ টি মুরগী জবাইখানা দোকান আছে। উক্ত দোকানগুলোর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০১১ তারিখে উত্তীর্ণ হয়েছে। দোকানগুলো পুনঃবরাদ্দ করার প্রস্তাব গত ১৭ জানুয়ারি ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১২ এর মাধ্যমে উপস্থাপন করা হলে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, "বহুতল বিশিষ্ট আধুনিক মার্কেট নির্মাণ কাজ শীঘ্রই শুরু হবে বিধায় আপাততঃ দোকান পুনঃ বরাদ্দের বিষয়টি বিবেচনা না করার সিদ্ধান্ত গৃহীত হলো।" বর্তমানে উল্লেখিত দোকানগুলিতে মুরগী জবাই করা হচ্ছে বিধায় স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখার শর্তে ০১ জানুয়ারি, ২০১২ তারিখ হতে ৩১ ডিসেম্বর, ২০১৪ তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য সালামী বাবদ বকেয়া ২৫,০০০/- টাকা এবং উক্ত সময়ের বকেয়া ভাড়া পরিশোধ সাপেক্ষে ০১ জানুয়ারি, ২০১৫ তারিখ থেকে ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা সালামীতে পুনঃ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৬ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২য় তলা ১৭ নং দোকানের সর্বোচ্চ দরদাতা মিসেস লুৎফুন নাহার চৌধুরী এর কিস্তি পুনঃনির্ধারণ অথবা জামানত ফেরত প্রদানের বিষয়ে ০৮ মার্চ, ২০১৫ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে দর দাখিলকারী কর্তৃক উদ্ধৃত দর অনুযায়ী কিস্তির টাকা পরিশোধের জন্য সর্বশেষ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। অন্যথায় দোকান বরাদ্দের শর্তানুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৭ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ৫ম তলার ১ নং দোকানের সর্বোচ্চ দরদাতা ব্রিগেঃ জেনাঃ শহীদ মোস্তফা কামাল (অবঃ) এর দর পরিশোধ সংক্রান্ত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস ইজারা প্রদানের জন্য ১৯ আগস্ট ২০১৪ তারিখে দরপত্র আহবান করা হলে ৫ম তলার ১ নং দোকানটির জন্য ব্রিগেডিয়ার জেনারেল সহিদ মোস্তফা কামাল (অবঃ) ৩৫,৫৩,৪৪৩/- টাকার সর্বোচ্চ দর দাখিল করেন। উক্ত দোকানের কিস্তির টাকা ২৯ নভেম্বর ২০১৪ তারিখ হতে ২৯ জানুয়ারি ২০১৬ তারিখ পর্যন্ত সময়ে ৮ কিস্তিতে পরিশোধ করার জন্য অত্র দপ্তরের ৩০ মে ২০১৩ তারিখের ঢাক্যাবো/মিরঃ ডিওএইচএস/অঃকাঃশঃকঃ/ ৫মতলা/১/৭ নং পত্রে অনুরোধ করা হয়। তিনি ৮ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের আবেদনে জানিয়েছেন যে, তাঁর বর্তমান পারিবারিক অবস্থা ও আর্থিক সমস্যার কারণে কিস্তির টাকা পরিশোধ করা সম্ভব হচ্ছে না এবং কিস্তি পরিশোধের সময় দোকান হস্তান্তর পর্যন্ত বৃদ্ধি করার জন্য অনুরোধ করছেন। বিস্তারিত আলোচনান্তে দোকান বরাদ্দের শর্তানুযায়ী কিস্তির টাকা পরিশোধের জন্য পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৮ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ১ম তলা ৩১ নং দোকানের সালামীর টাকা পরিশোধের জন্য এক বছর সময় বর্ধিত করার জন্য জনাব মোঃ জিয়াউল হাসান এর ২৭ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনাস্তে দোকান বরাদ্দের শর্তানুযায়ী কিস্তির টাকা পরিশোধের জন্য চূড়ান্ত পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৯ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ৮ম তলা ৭ নং দোকানের বরাদ্দ বাতিল করতঃ সালামী ও পরিশোধিত কিস্তির টাকা ফেরত প্রদানের জন্য ব্রিগেঃ জেনাঃ ফারুক আহমেদ চৌধুরী, পিএসসি (অবঃ) এর ২৫ মার্চ, ২০১৫ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস ইজারা প্রদানের জন্য ১৯ আগস্ট ২০১৪ তারিখে দরপত্র আহবান করা হলে ৮ তলার ৭ নং দোকানটির জন্য ব্রিগেডিয়ার জেনারেল ফারুক আহমেদ চৌধুরী, পিএসসি (অবঃ) ২২,৯৮,৫৬০/- টাকার সর্বোচ্চ দর দাখিল করেন। উক্ত দোকানের কিস্তির টাকা পরিশোধ করার জন্য অত্র দপ্তরের ১৩ নভেম্বর ২০১৪ তারিখের চাক্যাবো/মিরঃ ডিওএইচএস/অঃকাঃশঃকঃ/ ৮মতলা/৭/৮ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। তৎপক্ষেতি তিনি ০২ ডিসেম্বর ২০১৪ তারিখে ১ম কিস্তির ৩,১৬,২৫০/- টাকা পরিশোধ করেছেন। বর্তমানে তিনি অসুস্থতাজনিত কারণে কিস্তির টাকা পরিশোধ করতে পারছেন না বিধায় দোকানের বরাদ্দ বাতিল করার জন্য অত্র দপ্তরে ২৫ মার্চ ২০১৫ তারিখে আবেদন করেন। উল্লেখ্য যে, দোকান বরাদ্দের নীতিমালার অনুচ্ছেদ ১০ এ “সর্বোচ্চ ডাককারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। তবে এক বা একাধিক কিস্তি জমা দেয়ার পর পরবর্তী কিস্তি পরিশোধে অপরগতা প্রকাশ করলে সেক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত অর্থ বাজেয়াপ্তসহ কিস্তি হিসেবে জমাকৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে” মর্মে উল্লেখ আছে। বিস্তারিত আলোচনাস্তে অসুস্থতাজনিত কারণে বরাদ্দ গ্রহীতা দোকান গ্রহণে অপারগ হওয়ায় জামানত বাজেয়াপ্ত করতঃ শুধুমাত্র কিস্তি হিসেবে জমাকৃত সমুদয় অর্থ ফেরত প্রদানসহ দোকানের বরাদ্দ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৩০ঃ রজনীগন্ধা টাওয়ার এর দোকান মালিকগণের এডহক কমিটি গঠন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এর নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার পর ইতোমধ্যে মার্কেট উদ্বোধন করা হয় এবং দোকান বরাদ্দলাভকারীদের নিকট পর্যায়ক্রমে দোকান হস্তান্তর করা হচ্ছে। মার্কেট চালু ও সুষ্ঠুভাবে পরিচালনার গত ৯ মার্চ ২০১৫ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সমন্বয় সভায় প্রস্তাবিত এডহক (আহ্বায়ক) কমিটি নিম্নবর্ণিতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

ক্রমিক নং	নাম	পদবী
১।	ব্রিগেডিয়ার জেনারেল আনোয়ার হোসেন (অবঃ), দোকান নং-২য় তলা-২৮	আহ্বায়ক
২।	এসএসও-৪, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।	সদস্য
৩।	ব্রিগেডিয়ার জেনারেল ডাঃ মোঃ আবদুস শহীদ খান (অবঃ), দোকান নং-৩য় তলা-৬	সদস্য
৪।	আলহাজ্ব শাহ মোঃ হাবিবুর রহমান, দোকান নং-৪র্থ তলা-২৮	সদস্য
৫।	ডাঃ মোঃ সাখাওয়াত হোসেন বাবু, দোকান নং-৫ম তলা ডাকার চেম্বার-১৪	সদস্য
৬।	জনাব মোঃ হানিফ ভূইয়া, দোকান নং-৩য় তলা-১৯	সদস্য
৭।	জনাব মোঃ সাইফুল ইসলাম খান, দোকান নং-২য় তলা-০৫	সদস্য
৮।	জনাব মোঃ শহিদুল ইসলাম, দোকান নং-১ম তলা-০৩	সদস্য
৯।	জনাব এম এম মিজানুর রহমান, দোকান নং-২য় তলা-০৮	সদস্য
১০।	জনাব হাজী আব্দুল মান্নান, দোকান নং-১ম তলা-০৪	সদস্য
১১।	জনাব মোঃ শফিকুল ইসলাম মামুন, দোকান নং-৩য় তলা-৩১	সদস্য
১২।	জনাব মোঃ মতিউর রহমান, রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্ট বোর্ড	সদস্য
১৩।	জনাব মোঃ মাহমুদুল হাসান, উপ-সহঃ প্রকৌশলী (পানি/বিদ্যুৎ), ঢাকা ক্যান্ট বোর্ড।	সদস্য
১৪।	জনাব মোঃ শরীফুল ইসলাম, উপ-সহঃ প্রকৌশলী, ঢাকা ক্যান্ট বোর্ড।	সদস্য
১৫।	জনাব মোঃ তোজামেল হক, স্যানিটারী ইন্সপেক্টর, ঢাকা ক্যান্ট বোর্ড।	সদস্য
১৬।	লেঃ কর্ণেল মোঃ আমিনুল হক (অবঃ), দোকান নং-২য় তলা-০৭	সদস্য সচিব

আলোচ্যসূচী-৩১ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স ও রজনীগন্ধা টাওয়ার এর দোকান ইজারার দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্তঃ (ক) মিরপুর ডিওএইচএস এ নির্মিতব্য অফিস কাম শপিং কমপ্লেক্স এর ৭৭ টি দোকান/স্পেস বরাদ্দের নিমিত্তে দৈনিক প্রথম আলো, দৈনিক যুগান্তর ও দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ৩১ মার্চ, ২০১৫ তারিখে দরপত্র আহ্বান করা হয়। নির্ধারিত তারিখে তলা ভিত্তিক মোট ১১ টি দোকান/স্পেস এর বিপরীতে মোট ১৩ টি দরপত্র পাওয়া যায়। দরপত্রসমূহ যাচাই-বাছাই কমিটি কর্তৃক নিম্নোক্তভাবে গ্রহণ করা হয়ঃ-

ক্র/নং	দর দাতার নাম ও ঠিকানা	দোকান নম্বর	আয়তন (বর্গফুট)	সরকারী দর প্রতি বর্গফুট	উদ্ধৃত দর		প্রাপ্ত দরপত্র
					প্রতি বর্গফুট	মোট টাকা	
১।	জনাব মশিউর রহমান	৫ম তলা-০৩	১২৯.২১	১৪০০০/-	১৪০৫০/-	১৮১৫৪০০.৫০	০১ টি
২।	রুমানা খোরশেদ	৫ম তলা-০৯	১৪৩.৬৬	১৪০০০/-	১৫০৫০/-	২১৬২০৮৩.০০	০২ টি
৩।	কাজী মাইন উদ্দিন	৫ম তলা-১১	১১৬.৫৫	১৪০০০/-	১৪১১০/-	১৬৪৪৫২০.৫০	০১ টি
৪।	জনাব মোঃ সালাহ উদ্দিন খান	৫ম তলা-২৯	১০৩.৮৩	১৪০০০/-	১৪৫৩০/-	১৫০৮৬৪৯.৯০	০১ টি

৫।	সময়ের সঞ্জার মালিক-উত্তম সরকার	৭ম তলা-২৭	১০১.৬৯	১২০০০/-	১২০৫০/-	১২২৫৩৬৪.৫০	০১ টি
৬।	জনাব মোঃ শূফর রহমান	৮ম তলা-১৮	২৪১.০০	১২০০০/-	১২৫৩০/-	৩০১৯৭৩০.০০	০২টি
৭।	জনাব মোঃ শাহিনুর রহমান	৯ম তলা-০৩	১৪১.৫০	১২০০০/-	১৩০০০/-	১৮৩৯৫০০.০০	০১টি
৮।	সোনীয়া স্মৃতি	৯ম তলা-১০	১১১.৩১	১২০০০/-	১৩০০০/-	১৪৪৭০৩০.০০	০১টি
৯।	জনাব ইয়াসিন রহমান	৯ম তলা-১৪	৩০০.০০	১২০০০/-	১২০৫০/-	৩৬১৫০০০.০০	০১ টি
১০।	জনাব মোঃ জাবেদ আলম	৯ম তলা-১৯	১৬৬.৫০	১২০০০/-	১২৩২০/-	২০৫১২৮০.০০	০১ টি
১১।	মোমেনা আক্তার	৯ম তলা-২০	১৪১.৫০	১২০০০/-	১২৩২০/-	১৭৪৩২৮০.০০	০১ টি

(খ) রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' এর ১৩ টি দোকান/স্পেস বরাদ্দের নিমিত্তে দৈনিক প্রথম আলো, দৈনিক যুগান্তর ও দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ৩১ মার্চ, ২০১৫ তারিখে দরপত্র আহ্বান করা হয়। নির্ধারিত তারিখে তলা ভিত্তিক মোট ৫ টি দোকান/স্পেস এর বিপরীতে মোট ৬ টি দরপত্র পাওয়া যায়। দরপত্রসমূহ যাচাই-বাছাই কমিটি কর্তৃক নিম্নোক্তভাবে গ্রহণ করা হয় :-

ক্র/নং	দর দাতার নাম ও ঠিকানা	দোকান নম্বর	আয়তন (বর্গফুট)	সরকারী দর প্রতি বর্গফুট	উদ্ধৃত দর		প্রাপ্ত দরপত্র
					প্রতি বর্গফুট	মোট টাকা	
১।	জনাব মোহাম্মদ শরিফুল হক	৪র্থ তলা-০৯	১৩৪.৪৫	১৪৫০০/-	১৪৫০২/-	১৯৪৯৭৯৩.৯০	০১ টি
২।	জনাব মোঃ মাসুদুর রহমান	৪র্থ তলা-১৭	১৩৬.৬৫	১৪৫০০/-	১৪৬২০/-	১৯৯৭৮২৩.০০	০১ টি
৩।	জনাব মোঃ জাহাঙ্গীর ফেরদৌস	৪র্থ তলা-১৮	১৩৬.৬৫	১৪৫০০/-	১৪৬২০/-	১৯৯৭৮২৩.০০	০২টি
৪।	মেহজাবিন মোজাফ্ফর মিতু	৪র্থ তলা-২৭	১৩৮.৪১	১৪৫০০/-	১৪৭০১/-	২০৩৪৭৬৫.৪১	০১ টি
৫।	জনাব শফি উল্লাহ জুইয়া	৪র্থ তলা-৩২	১৪২.৮০	১৪৫০০/-	১৫৫০০/-	২২১৩৪০০.০০	০১ টি

বিস্তারিত আলোচনান্তে মিরপুর অফিস কাম শপিং কমপ্লেক্স এর ১১টি দোকান/স্পেস বিপরীতে প্রাপ্ত দর এবং রজনীগন্ধা সুপার মার্কেটের ৫টি দোকানের বিপরীতে প্রাপ্ত দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৩২ঃ মিরপুর ডিওএইচএস আবাসিক এলাকার জন্য অনুমোদিত ১১টি খেলনাসামগ্রীর মধ্যে ০৩টি শহীদ মোস্তাফা কামাল লাইনে ও ০৫টি নির্বাহী আবাসিক এলাকায় স্থাপন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস আবাসিক এলাকার জন্য অনুমোদিত ১১টি খেলনাসামগ্রীর মধ্যে ০৩টি শহীদ মোস্তাফা কামাল লাইনে ও ০৫টি নির্বাহী আবাসিক এলাকায় স্থাপনের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৩ঃ ঢাকা সেনানিবাসস্থ বিমান বাহিনীর আওতাধীন বীরশ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইট হতে বিমান বাহিনীর ০৫ নং গেইট পর্যন্ত বিমান বাহিনীর প্রভোস্ট কর্তৃক যানবাহনের গতিমাত্রা নিরীক্ষণের জন্য ০১টি হ্যাড স্পীড চেকরাডার সরবরাহ ও স্থাপনের জন্য বিমান বাহিনী সদর দপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাসের ২৮ জানুয়ারী ২০১৫ তারিখের ০০.০৩.২৬০০.০৪০.৩৭.০৩২.১৫.০০১/০৬ক নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনান্তে বিমান বাহিনী কর্তৃপক্ষের চাহিদার প্রেক্ষিতে বীরশ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইট হতে বিমান বাহিনীর ০৫ নং গেইট পর্যন্ত বিমান বাহিনীর প্রভোস্ট কর্তৃক যানবাহনের গতিমাত্রা নিরীক্ষণের জন্য ০১টি হ্যাড স্পীড চেক রাডার সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৩৪ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন ০৭ নং রোডের ০৭ নং ভবন (ডিএমএলএন্ডসি অফিস) এর ২য় তলার উপর ৩য় তলা নির্মাণ কাজ প্রসঙ্গে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৯ সেপ্টেম্বর ২০১৪ তারিখের ১/এমএলএন্ডসি/ইএসটিটি/২৩-৩/৮৮ নং পত্রের নির্দেশনা মোতাবেক কাজগুলির জন্য অতিরিক্ত ১৮,২৭,১৭১/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত অতিরিক্ত টাকা ব্যয়ের ব্যাপারে পিপিআর অনুযায়ী ভেরিফিকেশন অর্ডারের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য উক্ত কাজের কার্যাদেশের মূল্যানুমান ৮৪,৯০,৫৩৪/- টাকা।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন ০৭ নং রোডের ০৭ নং ভবন (ডিএমএলএন্ডসি অফিস) এর ২য় তলার উপর ৩য় তলা নির্মাণ কাজের অতিরিক্ত কাজ পৃথক প্রকল্প হিসেবে মূল্যানুমান প্রস্তুত করে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৫ঃ বিএএফ বেস বাশার এলাকার ময়লা আবর্জনা সংগ্রহ এবং অপসারণ কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নং- ঢাকা মেট্রো-৮৩৯৪ এর মেরামত ও বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় বাবদ ১,৪৫,০০০/- টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনান্তে বিএএফ বেস বাশার এলাকার ময়লা আবর্জনা সংগ্রহ এবং অপসারণ কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নং- ঢাকা মেট্রো-৮৩৯৪ এর মেরামত ও বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় বাবদ ১,৪৫,০০০/- টাকা ব্যয়ের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় বিএএফ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-৩৬ঃ গত ০৮ মার্চ, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৬বিবিধ-২ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্তে লিফট সার্ভিসিং এর মেয়াদ এর তারিখ সংশোধনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টি হাসপাতাল পরিচালনা সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৭ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে বরাদ্দকৃত সবজির আড়ৎ নির্মাণের মৌখিক স্থগিত আদেশ প্রত্যাহার করে পুনরায় নির্মাণের আদেশ পাওয়ার বিষয়ে জনাব মোঃ মোহাম্মদুল ইসলাম ছিদ্দিকী ও অন্যান্যের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ২৬ নভেম্বর, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৩ এর মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটে প্রতিটি $২০ \times ১০ = ২০০$ বর্গফুট বিশিষ্ট ১০(দশ)টি কাঁচা মালের আড়ৎ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। তদানুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিজ খরচে ০১(এক) বছর মেয়াদে দোকান নির্মাণ করার জন্য নিম্নোক্ত ব্যক্তিগণকে বরাদ্দপত্র প্রদান করা হয় :-

ক্র/নং	নাম ও ঠিকানা	দোকান/আড়ৎ নম্বর
১।	জনাব মোঃ মানিক হোসেন, ২২/এ, উত্তর কাফরুল, ঢাকা সেনানিবাস।	আড়ৎ নং-০১
২।	জনাব মোঃ বিল্লাল হোসেন, সি/৫৯, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস।	আড়ৎ নং-০২
৩।	জনাব মোঃ কামাল হোসেন, সি/৮৩, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস।	আড়ৎ নং-০৩
৪।	জনাব মফিজ উদ্দিন আহমেদ, বাড়ী নং-৯৪, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	আড়ৎ নং-০৪
৫।	জনাব হাজী মোঃ আবুল হাশেম, খ-৬৩, ফিল্ডেড, ঢাকা-১২২৯।	আড়ৎ নং-০৫
৬।	জনাব মোঃ মাসুদুর রহমান, সি/১৮৩, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস।	আড়ৎ নং-০৬
৭।	আলহাজ্ব মোঃ নুরু মিয়া, সি/১০৩, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস।	আড়ৎ নং-০৭
৮।	জনাব মোঃ মোশারফ হোসেন, সিবি-১৩/১১, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস।	আড়ৎ নং-০৮
০৯।	জনাব মারফুল ইসলাম, প্রযুক্তোঃ মাহবুবুল ইসলাম, বাসা-১০, রোড-১০, ব্লক-সি, মিরপুর-১০, ঢাকা।	আড়ৎ নং-০৯
১০।	জনাব মোঃ এনায়েত সিকদার, ডিএমসি-৬০৬, উত্তর কাফরুল, ঢাকা সেনানিবাস।	আড়ৎ নং-১০

পরবর্তীতে উক্ত দোকানগুলোর নির্মান কাজ বন্ধ করে দেয়া হয়। উক্ত সবজি আড়ৎ নির্মাণের জন্য অনুমতি চেয়ে আলহাজ্ব মোঃ কামাল হোসেন গং মাননীয় স্টেশন কমান্ডার বরাবর আবেদন করেন। বিস্তারিত আলোচনান্তে প্রাথমিকভাবে আলহাজ্ব মোঃ কামাল হোসেন-কে ০১টি সজি আড়তের দোকান ঘর নির্মাণের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখা কর্তৃক সজি আড়তের দোকান নির্মাণের সাইট নকশা প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য আগামী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে। শর্ত থাকে যে, বাজারের খুচরা ব্যবসায়ীদের আড়তে মালামাল রাখতে কিংবা আড়ৎ হতে কিনতে বাধ্য করা যাবে না।

আলোচ্যসূচী-৩৮ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল পরিচালনা কমিটি গঠন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও রোগীদের নিরবচ্ছিন্ন ও সুষ্ঠুভাবে সেবা প্রদানের নিমিত্তে হাসপাতাল পরিচালনা কমিটি গঠন করা প্রয়োজন। এ বিষয়ে বোর্ডের সচিব সভাকে জানান যে, সেনাবাহিনী হতে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে সংযুক্ত পরিচালক (প্রশাসন) পদটি হাসপাতালের অর্গানোগ্রামে অন্তর্ভুক্তকরণসহ উক্ত পদের দায়িত্ব অর্পণের জন্য বোর্ডসভার সিদ্ধান্ত মোতাবেক একটি প্রস্তাব সরকারী অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি বিধায় পরিচালক (প্রশাসন) পদটি দাপ্তরিকভাবে ব্যবহার করা বিধি সম্মত হবে না। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের উক্ত মতামতের পরও সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল পরিচালনার নিমিত্তে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠনপূর্বক আগামী ১৫ এপ্রিল, ২০১৫ তারিখে একটি সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হলো :-

(ক)	প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড	--	সভাপতি।
	ও		
	স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।		
(খ)	১ × প্রতিনিধি, ডিজিএমএস, ঢাকা সেনানিবাস।	--	সদস্য
(গ)	২ × প্রতিনিধি, সিরাজ-খালেদা ট্রাস্ট।	--	সদস্য
(ঘ)	১ × পরিচালক (প্রশাসন)	--	সদস্য
(ঙ)	সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টঃ বোর্ড জেনাঃ হাসপাতাল		
	ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার	--	সদস্য-সচিব
	ঢাকা ক্যান্টনমেন্ট।		

উক্ত সভায় হাসপাতাল সংক্রান্ত যাবতীয় আলোচ্যসূচী উপস্থাপনসহ হাসপাতালের স্থাবর/অস্থাবর সম্পত্তির তালিকা উপস্থাপন করতে হবে। সিরাজ-খালেদা ট্রাস্ট ও ক্যান্টনমেন্ট বোর্ডের মধ্যে ২২ ডিসেম্বর, ১৯৯৮ তারিখে সম্পাদিত এমওইউ (MOU) এর অনুচ্ছেদ-২(ডি)-তে হাসপাতাল পরিচালনা কমিটি গঠনের বিষয়টি উল্লেখ আছে।

- আলোচ্যসূচী-৩৯ঃ জিয়া কলোনী শিশু পার্কের গ্রীল মেরামত ও রংকরণ কাজের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
 গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনান্তে জিয়া কলোনী শিশু পার্কের গ্রীল মেরামত ও রংকরণ কাজের জন্য ৯৯,৯০৬/- টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় জনসাধারণের উন্নয়নমূলক খাত হতে সংকুলান করতে হবে।
- আলোচ্যসূচী-৪০ঃ ব্রডওয়ে বিল্ডিং এর পশ্চিম পার্শ্বে ৮১ ও ৮২ নং প্লটের পশ্চিম পার্শ্বে পরিকল্পিত ড্রেন নির্মাণসহ মাটি ভরাট কাজের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
 গৃহীত সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে নকশা ও মূল্যানুমান প্রস্তুত করে আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-৪১ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন স্টাফ কোয়ার্টার এবং কোয়ার্টারে বসবাসকারীদের পরিসংখ্যান অবগতি ও পরবর্তী সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।
 গৃহীত সিদ্ধান্তঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন স্টাফ কোয়ার্টার এবং কোয়ার্টারে বসবাসকারীদের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন মোট ১৮০টি (ইউনিট) স্টাফ কোয়ার্টার রয়েছে। এদের মধ্যে ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৩৬% বাসা বরাদ্দ করা হলেও বোর্ডের আওতাধীন স্কুল, কলেজ, হাসপাতাল ও মসজিদে কর্মরত কর্মকর্তা/কর্মচারী, শিক্ষক/শিক্ষিকাদের জন্য অবশিষ্ট ৬৪% স্টাফ কোয়ার্টার বরাদ্দ করা হয়েছে। আবার অনেক কর্মকর্তা/কর্মচারী, শিক্ষক/শিক্ষিকা একই বাসা দীর্ঘদিন যাবৎ বরাদ্দ নিয়ে বসবাস করছেন। যার ফলে বদলী হয়ে আসা এবং নতুন নিয়োগ পাওয়া অনেকেই বাসা বরাদ্দ পাওয়া থেকে বঞ্চিত হচ্ছেন। ক্যান্টনমেন্ট বোর্ডের বাসা বরাদ্দের জন্য একটি খসড়া নীতিমালা প্রণয়নপূর্বক আগামী বোর্ডসভায় উপস্থাপনের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো :-
- | | | | |
|-----|------------------------------------------------------|----|------------|
| (১) | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সভাপতি |
| (২) | সিনিয়র কঞ্জারভেটর অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | হিসাব রক্ষণ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৫) | সহকারী সচিব, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য-সচিব |
- আলোচ্যসূচী-৪২ঃ ঢাকা ওয়াসার “ঢাকা ওয়াটার সাপ্লাই সেক্টর ডেভলপমেন্ট প্রজেক্ট (ডিভল্লিউএসএসডিপি)” এর আওতায় Package ICB-02.3 এর অধীন DMA-510 (মহাখালী ডিওএইচএস) এলাকার পানির লাইন স্থাপন/পুনর্বাসন কাজে এর মাধ্যমে রাস্তা খননের অনুমতি প্রদান প্রসঙ্গে ঢাকা ওয়াসার ০৫ এপ্রিল, ২০১৫ তারিখের ৪৬.১১৩.৬০১.০০.০০.W-8/DWSSDP/1308 নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
 গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে রোড কাটিং এর জন্য ধার্যকৃত ক্ষতিপূরণ জমা সাপেক্ষে রাস্তা কাটার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-৪৩ঃ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সংগৃহীত ময়লা ফেলার স্থান নির্বাচনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
 গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে আপাততঃ সিটি কর্পোরেশন বা ওয় পক্ষের মাধ্যমে ময়লা অপসারণের সম্ভাব্যতা যাচাইয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-৪৪ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের উদ্যান শাখার মালীদের কর্মবন্টন তালিকা পর্যালোচনা।
 গৃহীত সিদ্ধান্তঃ ক্যান্টনমেন্ট বোর্ডের উদ্যান শাখার মালীদের কর্মবন্টন তালিকা পর্যালোচনা করা হলো। শহীদ সরণির দু’পার্শ্বের গ্রীন, জে, ফুলের বেড ইত্যাদি রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বপূর্ণ এলাকা নির্ধারণ করে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার অফিস আদেশ জারী করবেন। ৩টি মালির পদ শূন্য আছে। উক্ত পদে একজন দক্ষ মালিকে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
- ৪৫ বিবিধ-১ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এর ৩য় তলা ২২ নং দোকান হস্তান্তর ও সালামীর অর্থ পরিশোধের জন্য সময় বর্ধিতকরণের বিষয়ে লেঃ কর্ণেল মোঃ জিয়াউল হাসান, পিএসসি এর ২২ মার্চ, ২০১৫ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
 গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে কমপক্ষে সালামীর ০১(এক)টি কিস্তি পরিশোধসহ বিধি মোতাবেক দোকান হস্তান্তর/নামান্তর ফি পরিশোধ সাপেক্ষে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এর ৩য় তলা ২২ নং দোকানটি হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪৫ বিবিধ-২ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্র/নং	প্লট মালিকের নাম	প্লট নম্বর	ঠিকানা	এমইও'র ছাড়পত্রের তারিখ	মন্তব্য
১।	উইং কমান্ডার নাসির উদ্দিন (অবঃ)	৯২১	মিরপুর ডিওএইচএস		০৭ তলা নতুন ভবন
২।	কমান্ডার মহিউদ্দিন কিবরিয়া, বিএন (অবঃ)	১৩১৫	মিরপুর ডিওএইচএস		০৭ তলা নতুন ভবন

গৃহীত সিদ্ধান্ত : নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো :-

Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এর ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ ও ২ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ২টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

৪৫ বিবিধ-৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে :-

ক্রমিক নং	কাজের নাম	মূল্যানুমান এমইএস সিভিল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা)	ব্যয়ের খাত
১।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার গ্যারিসন এমপি চেকপোস্ট হতে প্রয়াস স্কুল পর্যন্ত রাস্তার পটহোল মেরামতসহ কার্পেটিংকরণ কাজ।	৬৬,৬১১/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত

গৃহীত সিদ্ধান্ত : উপরোল্লিখিত মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

৪৫ বিবিধ-৪ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি :-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্ষেত্র/ধর্মীতার নাম ও ঠিকানা	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা	মন্তব্য
(১)	বাড়ী#২৩ রোড#৪, ফ্ল্যাট#১৯ (৬ষ্ঠ তলা-দক্ষিণ-পূর্ব পার্শ্ব) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	হাজী মোঃ ফুল মিয়া বাড়ী#২৩ রোড#৪, ফ্ল্যাট#১৯ (৬ষ্ঠ তলা-দক্ষিণ-পূর্ব পার্শ্ব) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং-১৬/৯/২০১৪	মিসেস আফসানা বিলকিস দিল্লি, স্বামী- মোঃ নাজমুছ সাদাত সেলিম, বাসা#৫০২, রোড#৩৪, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।	০৫ এপ্রিল, ২০১৫ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০ ২৯.০৪.০৫.০৪.১৫ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন- ১৩৫০ বর্গ ফুট (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অভিজ্ঞ/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ৯,০০০/-টাকা জুন, ২০১৫ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তর অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪৫ বিবিধ-৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে :-


ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এমইএস সিভিল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা)	Responsive Tenderer	উদ্ধৃত দর (টাকা)	ব্যয়ের খাত
২।	কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-১১৩ হতে সিবি-১২২ পর্যন্ত ০৪টি বৈদ্যুতিক পোলে তার টেনে নিরাপত্তা বাতি স্থাপন কাজ।	৪৮,১৪৪/-	মেসার্স সাকিব এন্টারপ্রাইজ	৪৯,১০৬/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
৩।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৫/২ (নিচতলা পশ্চিম পার্শ্ব) নং স্টাফ কোয়ার্টার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	১,৪০,৭৩৮/-	মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ	১,৪৭,৪৯৩/৪২	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
৪।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং রোডের ৬৮/এ প্লটের সামনে রাস্প ও রাস্তার পার্শ্ব টাইলস্ করণ কাজ।	৫৩,৯০৫/-	মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ	৫৬,৪৯২/৪৪	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
৫।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/ডি নং স্টাফ কোয়ার্টারের ভিতর ও বাহির সাইড চুনকাম ও রংকরণ কাজ।	১,৮৯,৮৮৯/-	মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ	১,৮৯,৮৮৯/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
৬।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/ডি-১৩ নং স্টাফ কোয়ার্টার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	৫৬,২১৩/-	মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ	৫৬,২১৩/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
৭।	জনতা ব্যাংক লিমিটেড, রজনীগন্ধা সুপার মার্কেট কর্পোরেট শাখার সামনে এবং পিছনের সেইটে পুরাতন শাটার পরিবর্তন করে ০২টি নতুন শাটার স্থাপন কাজ।	৩৩,৮০৬/-	মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং	৩৩,৮০৬/-	বাজারের মেরামত খাত

৮।	রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়ালে পিলারসহ বার্বডওয়্যার এবং একটি লোহার গেইট স্থাপন।	১,৩১,০৮৭/-	মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং	১,৩৫,০১৯/-	বাজারের মেয়ামত খাত
----	-------------------------------------------------------------------------------------------------------------	------------	-----------------------------	------------	---------------------


গৃহীত সিদ্ধান্ত : Tender Evaluation Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

৪৫ বিবিধ-৬ঃ মার্চ, ২০১৫ মাসে অনুষ্ঠিত মিরপুর ডিওএইচএস এর রাস্তার কাজের দরপত্র অনুমোদন প্রসঙ্গে।
গৃহীত সিদ্ধান্ত : আলোচনায় জানা যায় যে, অগ্রহী দরদাতাগণ বিষয়োক্ত কাজের জন্য একই হারে দর উদ্ধৃত করেছেন। এ ব্যাপারে পিপিআর অনুযায়ী লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করত: দর ও ব্যয়ের চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় অনুদান/মিরপুর ডিওএইচএস বিবিধ তহবিল হতে সংকুলান করতে হবে।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।
সংযুক্ত : পরিশিষ্ট-ক।


22-08-2015
(মোঃ রেজাউল ইসলাম)
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।


26/8/2015
(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।